# বার্ষিক প্রতিবেদন
# ২০১৬

WIKIMEDIA
BANGLADESH

# অফলাইন কার্যক্রম

উইকিমিডিয়া বাংলাদেশ সুচনালগ্ন থেকেই বাংলাদেশ সম্পর্কিত অলিখিত তথ্যগুলো উইকিপিডিয়া ও এর সহপ্রকল্পসমূহে অন্তর্ভুক্ত করার জন্য সারা দেশব্যাপী অফলাইন ও অনলাইন কার্যক্রম পরিচালনা করে আসছে। এরই ধারাবাহিকতায় ২০১৬ সালেও উইকিমিডিয়া বাংলাদেশের উদ্যোগে ও বিভিন্ন প্রতিষ্ঠানের সাথে সহযোগিতার মাধ্যমে দেশব্যাপী বিভিন্ন অফলাইন ও অনলাইন কার্যক্রম পরিচালিত হয়েছে।

## উইকিপিডিয়ানদের আড্ডা বা মিটআপ



অফলাইন বিভিন্ন কার্যক্রম ত্বরান্বিত, ভবিষ্যৎ পরিকল্পনা গ্রহণ ও উইকিপিডিয়াতে নতুনদের উৎসাহিত করতে সারা বছরব্যাপী উইকিমিডিয়া বাংলাদেশের উদ্যোগে মোট ১৪টি আড্ডা অনুষ্ঠিত হয়েছে - ঢাকায় ৪টি, চট্টগ্রামে ৩টি, রাজশাহীতে ৩টি, সিলেটে ২টি, বরিশাল ও বগুড়াতে ১টি। সুখবর হচ্ছে, এসব আড্ডার মাধ্যমে বেশ কয়েকজন নতুন উইকিপিডিয়ান, অভিজ্ঞ উইকিপিডিয়ানদের সাথে সরাসরি আলোচনা করে সম্পাদনায় উৎসাহিত হয়েছেন।

## উইকিপিডিয়া কর্মশালা



সরাসরি আগ্রহীদের উইকিপিডিয়া সম্পাদনা সম্পর্কে ধারণা দেওয়ার জন্য একটি উপায় হলো উইকিপিডিয়া কর্মশালা। বিগত বছরগুলোর ন্যায় ২০১৬ সালেও দেশের বিভিন্ন স্থানে মোট ৮টি উইকিপিডিয়া কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। ঢাকার বাইরের কর্মশালাগুলো আমাদের আঞ্চলিক সম্প্রদায় কর্তৃক আয়োজন করা হয়েছে। এ কর্মশালাগুলোর মধ্যে ঢাকায় ৩টি, রাজশাহীতে ৩টি, বরিশাল ও বগুড়ায় ১টি করে অনুষ্ঠিত হয়েছে। এই কর্মশালাগুলোর মধ্যে উইকিপিডিয়াতে জেন্ডারগ্যাপ দূরীকরণের জন্য শুধুমাত্র নারীদের নিয়ে একটি কর্মশালার আয়োজন করা হয়েছিল। এছাড়া, শিক্ষকদের উইকিপিডিয়াতে আগ্রহী করে তুলতে শুধুমাত্র শিক্ষকদের নিয়ে আয়োজন করা হয়েছিল আরও একটি কর্মশালা।



## উইকিপিডিয়া ফটোওয়াক



উইকিপিডিয়ার নিবন্ধগুলোতে তথ্যযোগে উৎসাহিত করার পাশাপাশি ২০১৬ সালে রাজশাহীতে ২টি ফটোওয়াকও আয়োজন করা হয়েছে। ফটোওয়াকে অংশগ্রহণকারীগণ রাজশাহীর বিভিন্ন পুরোন স্থাপনার ছবি তুলে সেগুলো উইকিমিডিয়া কমন্সে আপলোড করেছেন ও সেগুলো বিভিন্ন নিবন্ধে যোগ করেছেন।

## অফলাইন সম্পাদনাসভা



মুক্তিযুদ্ধের নিবন্ধগুলো সমৃদ্ধ করতে জাতীয় জাদুঘরের সহায়তায় উইকিমিডিয়া বাংলাদেশ ডিসেম্বর ২০১৬-এ একটি সম্পাদনাসভার আয়োজন করেছিল। এতে প্রায় ৩০জন উইকিপিডিয়ান অংশ নিয়ে দিনব্যাপী মুক্তিযুদ্ধ ও গুরুত্বপূর্ণ নিবন্ধগুলো সম্পাদনা করেন।

## একুশে ফেব্রুয়ারিতে উন্মুক্ত স্থানে উইকিপিডিয়া প্রচারণা!




আন্তর্জাতিক মাতৃভাষা দিবসে ঐতিহ্যগতভাবে ২০১৬ সালে ঢাকা, চট্টগ্রাম ও রাজশাহী বিভাগের উইকিপিডিয়ানরা উইকিমিডিয়া বাংলাদেশের উদ্যোগে উন্মুক্ত স্থানে ব্যানার নিয়ে দাঁড়িয়ে পথচারীদের উইকিপিডিয়া সম্পর্কে সচেতনতা কর্মসূচি পরিচালনা করেছেন। এবারই প্রথম একই সাথে দেশের তিনটি বিভাগে এ কার্যক্রমটি পরিচালিত হয়েছে।

## বার্ষিক সাধারণ সভা ২০১৬ ও উইকিপিডিয়ার ১৫তম প্রতিষ্ঠাবার্ষিকী পালন



২০১৬-এর ১৫ জানুয়ারি উইকিমিডিয়া বাংলাদেশের সম্মানিত সদস্যদের নিয়ে বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে তৎকালীন নির্বাহী পরিষদ থেকে উপস্থিত সদস্যদের বিগত বছরের কার্যক্রমের বিস্তারিত তথ্য জানানো হয়। উপস্থিত সদস্যগণ পরবর্তিতে উইকিমিডিয়া বাংলাদেশের

ভবিষ্যৎ পরিকল্পনা নিয়ে আলোচনা করেন ও তাঁদের মতামত প্রদান করেন। এছাড়াও, সদস্যগণ ২০১৬-১৮ মেয়াদে নতুন নির্বাহী পরিষদের সদস্য নির্বাচন করেন।



একই দিন সারা বিশ্বের সাথে বাংলাদেশেও উইকিপিডিয়ার ১৫তম প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপন করা হয়। এতে দেশের বিভিন্ন স্থান থেকে নতুন ও পুরাতন প্রায় ১৫০ উইকিপিডিয়ান অংশ নেন এবং কেক কাটার মাধ্যমে দিনটি উদযাপন করেন। অনুষ্ঠানে উইকিপিডিয়ানদের সাথে উপস্থিত ছিলেন নির্মাতা মোস্তফা সরয়ার ফারুকী।

## বাংলা উইকিপিডিয়ার প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপন

২০১৬ সালের ২৭ জানুয়ারি বাংলা উইকিপিডিয়া ১২ বছরে পদার্পন করে, দিনটি চট্টগ্রামের উইকিপিডিয়ানরা উইকিপিডিয়ার কেক কেটে উদযাপন করেন। এসময় অনুষ্ঠানে উপস্থিত ছিলেন চট্টগ্রামের বিশিষ্ট ব্যক্তিবর্গ।



## নির্বাহী পরিষদের সভা

বিভিন্ন কার্যক্রমের বাইরে ২০১৬ সালে উইকিমিডিয়া বাংলাদেশের নির্বাহী পরিষদের ৩টি সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভাগুলোতে উইকিমিডিয়া বাংলাদেশের সাম্প্রতিক কার্যক্রম ও ভবিষ্যৎ বিভিন্ন আলোচ্যসূচির উপর আলোচনা করা হয়।

## উইকিপিডিয়া স্টল

রাজশাহী কলেজিয়েট স্কুল প্রাঙ্গনে ২০১৬ সালের ২৩ জানুয়ারি রাজশাহীর উইকিপিডিয়ানগণ ডিজিটাল উদ্ভাবনী মেলায় উইকিপিডিয়ার একটি স্টল থেকে দিনব্যাপী দর্শণার্থীদের উইকিপিডিয়া সম্পর্কে সচেতনতার কাজ করেন।

## উইকি ইফতার

২০১৬ সালে চট্টগ্রাম ও রাজশাহীর উইকিপিডিয়ানগণ রমজানের সময় সম্প্রদায়ের সদস্যদের নিয়ে উইকি ইফতারের আয়োজন করেন।

# অনলাইন কার্যক্রম

## উইকি লাভস মনুমেন্টস ২০১৬

পৃথিবীর বিভিন্ন দেশের গুরুত্বপূর্ণ স্থাপনার ছবিসমূহ উইকিপিডিয়াতে যোগ করতে প্রতিবছর সেপ্টেম্বর মাসব্যাপী পৃথিবীর বিভিন্ন দেশে উইকি লাভস মনুমেন্টস নামে একটি ছবি প্রতিযোগিতার আয়োজন করা হয়। এই প্রতিযোগিতার উদ্দেশ্য হল, বিভিন্ন দেশের গুরুত্বপূর্ণ স্থাপনাসমূহের ছবির একটি মুক্ত ডাটাবেজ উইকিমিডিয়া কমন্সে তৈরি করা। ২০১১ সাল থেকে প্রচলিত এই প্রতিযোগিতাটি গিনেজ বুকস-এর রেকর্ড অনুযায়ী পৃথিবীর সর্ববৃহৎ ছবি প্রতিযোগিতা। প্রথমবারের মত, উইকিমিডিয়া বাংলাদেশের উদ্যোগে বাংলাদেশও দেশের ৪৫২টি প্রত্নতাত্ত্বিক স্থাপনার তালিকা নিয়ে অংশগ্রহণ করে। প্রতিযোগিতা শেষে বাংলাদেশের ১২৪জন অংশগ্রহণকারী প্রায় ৩৫০টি স্থাপনার ৭১১৪টি ছবি মুক্ত লাইসেন্সে উইকিমিডিয়া কমন্সে আপলোড করেন। ছবিগুলো বাংলাদেশের স্থাপনার নিবন্ধসমূহ ব্যবহৃত হচ্ছে। এই প্রতিযোগিতা আয়োজনে উইকিমিডিয়া বাংলাদেশ দেশের ৭টি ফটোগ্রাফি/ভ্রমণ ক্লাবের সাথে যুক্ত হয়ে প্রচারণার কার্যক্রম পরিচালনা করে।

## নিবন্ধ লেখার প্রতিযোগিতা

উইকিমিডিয়া বাংলাদেশ, বাংলা উইকিপিডিয়া সম্প্রদায়ের সহায়তায় বাংলা উইকি-পডিয়াতে বছরব্যাপী বেশ কিছু নিবন্ধ লেখার প্রতিযোগিতা আয়োজন করে।

## ভালো নিবন্ধ অনুবাদ প্রতিযোগিতা

২০১৫ সালের নভেম্বর থেকে ২০১৬ সালের জানুয়ারি পর্যন্ত অনুষ্ঠিত নিবন্ধ প্রতিযে-াগিতায় ৫৫০জন নতুন ও পুরাতন উইকিপিডিয়ান অংশগ্রহণ করে প্রায় ৬০০টি সম্পূর্ণ নিবন্ধ বাংলাতে তৈরি করেন।


## প্রত্নতাত্ত্বিক স্থাপনার নিবন্ধ তৈরির প্রতিযোগিতা

বাংলাদেশের সব প্রত্নতাত্ত্বিক স্থাপনার তথ্য বাংলা উইকিপিডিয়ায় যোগ করার লক্ষ্যে ২০১৬ সালের সেপ্টেম্বর-অক্টোবরে উইকিমিডিয়া বাংলাদেশ, বাংলাদেশে একটি নিবন্ধ লেখার প্রতিযোগিতা আয়োজন করে। উক্ত প্রতিযোগিতায় বাংলা উইকিপিডিয়ার উকিপিডিয়ানগণ সর্বমোট ১৭৮টি প্রত্নতাত্ত্বিক স্থানের নিবন্ধ তৈরি করেন।

## উইকিপিডিয়া এশীয় মাস

প্রতি বছর নভেম্বরে এশিয়া সম্পর্কিত নিবন্ধ উইকিপিডিয়াতে সমৃদ্ধ করতে বিভিন্ন ভাষার উইকিপিডিয়ায় মাসব্যাপী একটি প্রতিযোগিতার আয়োজন করা হয়। প্রতিযোগিতায় বিভিন্ন দেশের উইকিপিডিয়ানরা যার যার নিজের ভাষায় নিবন্ধগুলো লিখে থাকেন ও প্রতিযোগিতা শেষে অংশগ্রহণকারীদের পোস্টকার্ড প্রেরণ করা হয়। উইকিমিডিয়া বাংলাদেশ এ বছর আরও কয়েকটি দেশের সাথে মিলে পৃথিবীর প্রায় ২৫টি দেশের অংশগ্রহণকারীদের পোস্টকার্ড প্রেরণ করে ও প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য তাঁদের ধন্যবাদজ্ঞাপন করে। এছাড়া, বাংলা উইকিপিডিয়াতে এই প্রতিযোগিতা উপলক্ষ্যে মোট ৩৮২টি নতুন নিবন্ধ তৈরি হয়।

## বিবিসি শত নারী



২০১৬-এর ডিসেম্বরে বৈশ্বিকভাবে বিবিসি ও উইকিপিডিয়া সম্প্রদায়ের উদ্যোগে নারীদের নিবন্ধ উইকিপিডিয়াতে সমৃদ্ধ করার জন্য ৮ ডিসেম্বর দিনব্যাপী বিভিন্ন ভাষার উইকিপিডিয়ানগণ নারীদের নিবন্ধ তৈরি করেন। বাংলাদেশে এটি আয়োজনে একসাথে কাজ করে উইকিমিডিয়া বাংলাদেশ ও বিবিসি বাংলা। এ দিন বাংলা উইকিপিডিয়ানগণ বাংলাতে মোট ১০০ জন বিশিষ্ট নারীর নিবন্ধ তৈরি করেন। ঢাকার বিবিসি বাংলার কার্যালয় থেকে সাংবাদিকগণও এ উদযাপনে অংশ নিয়ে নিবন্ধ তৈরি করেন।

## অন্যান্য প্রতিযোগিতা

আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০১৬ উপলক্ষ্যে দিনব্যাপী ভাষা সম্পর্কিত নিবন্ধ বাংলাতে সমৃদ্ধ করা হয়। ৮ মার্চ নারী দিবস উপলক্ষ্যে দিনব্যাপী নারী ও তাঁদের অধিকার সম্পর্কিত নিবন্ধ সমৃদ্ধ করা হয়। এছাড়াও বাংলাদেশ ও ভারতের উইকিপিডিয়ানগণ মিলে আরও বেশ কিছু প্রতিযোগিতার আয়োজন করেন।

## উইকিপিডিয়া

উইকিপিডিয়া হচ্ছে বর্তমান বিশ্বের সবচেয়ে বড় মুক্ত বিশ্বকোষ। ইন্টারনেটভিত্তিক হওয়ায় এর তথ্যগুলো সহজেই পৌঁছে যাচ্ছে মানুষের হাতের মুঠোয়। এই বিপুল তথ্যভান্ডারে অবাধ প্রবেশের সুযোগ করে দেয়ায় বিশ্বের সর্বাধিক জনপ্রিয় ওয়েবসাইটের তালিকায় এর অবস্থান ষষ্ঠ।

উইকিপিডিয়া
একটি মুক্ত বিশ্বকোষ

বর্তমানে ২৯৪টি ভাষায় উইকিপিডিয়ায় নিবন্ধ রয়েছে। তবে সকল ভাষায় নিবন্ধের সংখ্যা সমান নয়। সবচেয়ে বেশি নিবন্ধ রয়েছে ইংরেজি ভাষায় (প্রায় ৫৩ লক্ষ)। বর্তমানে উইকিপিডিয়ায় বাংলা ভাষায় নিবন্ধের সংখ্যা ৪৬ হাজারের বেশি। স্বেচ্ছাসেবকদের একটি দল ক্রমাগত এর মানোন্নয়নের কাজ করে চলেছেন।

## উইকিমিডিয়া বাংলাদেশ

WIKIMEDIA
BANGLADESH

উইকিমিডিয়া বাংলাদেশ হচ্ছে উইকিমিডিয়া ফাউন্ডেশন অনুমোদিত একটি স্থানীয় চ্যাপ্টার যা বাংলাদেশের ভৌগোলিক সীমারেখায় বাংলা ভাষায় উইকিমিডিয়ার বিভিন্ন প্রকল্প যেমন: উইকিপিডিয়া, উইকিসংকলন, উইকিঅভিধান, উইকিবই প্রভৃতি সম্পর্কে সাধারণের মাঝে সচেতনতা তৈরির জন্য কাজ করে থাকে। এছাড়াও এটি অন্যান্য ভাষার উইকিমিডিয়া প্রকল্পসমূহে বাংলাদেশ সম্পর্কিত তথ্য সন্নিবেশনের কাজেও অনুঘটকের ভূমিকা পালন করে থাকে। মূলত এটি উইকি প্রকল্পের বাংলাদেশী স্বেচ্ছাসেবকদের একটি সংগঠন।

উইকিমিডিয়া বাংলাদেশ ২০১১ সালের ৩ অক্টোবর উইকিমিডিয়া ফাউন্ডেশনের অনুমোদন পেয়েছে। এটি বাংলাদেশে একটি অলাভজনক প্রতিষ্ঠান হিসেবে নিবন্ধিত।

উইকিমিডিয়া বাংলাদেশের যাবতীয় কার্যক্রমের হালনাগাদ:
https://meta.wikimedia.org/wiki/WMBDReport

উইকিমিডিয়া বাংলাদেশের কার্যক্রমের ছবি পাওয়া যাবে:
https://commons.wikimedia.org/wiki/Category:Wikimedia_Bangladesh

## ছবির কৃতজ্ঞতা

০১. নাহিদ হোসেন
০২. নাহিদ হোসেন
০৩. ইব্রাহিম হোসেন মেরাজ
০৪. নাহিদ হোসেন
০৫. আর কে হান্নান (সুফি)
০৬. নাসির খান সৈকত
০৭. সাইফুল ইসলাম খান অপু
০৮. সাইফুল ইসলাম খান অপু
০৯. মতিউর রহমান অনি
১০. নাহিদ সুলতান

## প্রতিবেদন প্রস্তুত ও ডিজাইন

০১. নাহিদ সুলতান
০২. শাবাব মুস্তাফা
০৩. মঈনুল ইসলাম

**উইকিমিডিয়া বাংলাদেশ**
শেলটেক নিরিবিলি, দ্বিতীয় তলা,
২১০/২ নিউ এলিফ্যান্ট রোড, ঢাকা ১২০৫

info@wikimedia.org.bd
www.wikimedia.org.bd

facebook.com/WikimediaBD
twitter.com/WikimediaBD